



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

[www.dhakaeducationboard.gov.bd](http://www.dhakaeducationboard.gov.bd)

নং-২২০/ক/স্বী:/৮৭/(অংশ-১)/

তারিখ :

বিষয় : মহামান্য সুপ্রিম কোর্ট বাংলাদেশ এর হাই কোর্ট ডিভিশনের রীট পিটিশন নং- ৫২৮১/২০১৮ এর নির্দেশনা বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্রঃ ১. মহামান্য সুপ্রিম কোর্ট বাংলাদেশ এর হাই কোর্ট ডিভিশনের রীট পিটিশন নং- ৫২৮১/২০১৮।

২. 'ড. মোঃ আতাউর রহমান' এর ২৯/০৩/২০১৮ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার সদর উপজেলাধীন কৃষি বিশ্ববিদ্যালয় কলেজের সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ ড. মোঃ আতাউর রহমান -কে বোর্ডের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির অনুমোদন ব্যতীত চাকুরী থেকে চূড়ান্ত বরখাস্তকরণের পত্র দেয়া হয়েছে যার স্মারক নং- ১৬৫/কৃবি/১৫৫৬, তারিখ:২৮/০৩/২০১৮। বোর্ডের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির সিদ্ধান্ত ব্যতীত চাকুরী থেকে চূড়ান্ত বরখাস্তকরণের পত্র প্রদান বিধিসম্মত নয়।

এমতাবস্থায়, মহামান্য হাই কোর্টের নির্দেশনা অনুযায়ী বর্ণিত বিষয়টি নিস্পত্তির লক্ষ্যে উভয় পক্ষকে বিধিমোতাবেক বোর্ডের আপিল এন্ড আরবিট্রেশন কমিটিতে আবেদন করতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চেয়ারম্যানের আদেশক্রমে

স্বাক্ষর:

প্রফেসর ড. মোঃ হারুন-অর-রশিদ  
কলেজ পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ঢাকা।  
ফোন : ৫৮৬১২৪৭৬

অধ্যক্ষ(ভারপ্রাপ্ত),  
কৃষি বিশ্ববিদ্যালয় কলেজ,  
বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস, ময়মনসিংহ-২২০২।

মেমো নং- ২৭৪ (২১)

তারিখ : ৪/৪/২১

অনুলিপি :

- ১। সভাপতি, গভর্ণিং বডি, কৃষি বিশ্ববিদ্যালয় কলেজ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস, ময়মনসিংহ।
- ২। ড. মোঃ আতাউর রহমান, সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ ও রীট আবেদনকারী, কৃষি বিশ্ববিদ্যালয় কলেজ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস, ময়মনসিংহ।
- ৩। অফিস কপি।

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ঢাকা।